

রেইনকোট

আখতারুজ্জামান ইলিয়াস

'রেইনকোট' গল্পটি লেখকের গল্পগ্রন্থ 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' থেকে নেয়া হয়েছে। মুক্তিযুদ্ধের সময়কার ঢাকার পরিস্থিতি নিয়ে গল্পটি রচিত।

গল্পের কথক প্রভাষক নুরুল হুদার বর্ণনায় মুক্তিযুদ্ধের সময় পাকহানাদার বাহিনীর ভয়ংকর নৃশংসতার চিত্র ফুটে উঠেছে। রেইনকোটের প্রতীকী তাৎপর্য অসাধারণ ব্যঞ্জনাময়। মুক্তিযোদ্ধা শ্যালকের রেইনকোট গায়ে দিয়ে ভতি নুরুল হুদার মনে যে সাহস, উষ্ণতা ও দেশপ্রেম সঞ্চারিত হয়েছে- তারই প্রকাশ ঘটেছে এ গল্পে। নুরুল হুদাকে একটা আংটার সাথে ঝুলিয়ে চাবুকের নির্মম আঘাতে তাঁর সারা দেহ জর্জরিত করে খানসেনারা। অথচ এই নির্মম আঘাত নুরুল হুদার দেহে কোন ব্যথার উদ্বেক করে না। তিনি এটাকে স্রেফ একটা উৎপাত বলে ভাবতে থাকেন। তাঁর কাছে মনে হয়, শুধু তাঁর শ্যালকের কেন, ছদ্মবেশী কুলিদের ঠিকানা জানার মধ্যেও কোনো বাহাদুরি নেই। তিনি তাদের চেনেন এবং নিয়মিত যোগাযোগ রাখেন। আর এ ভাবনা নুরুল হুদাকে এতটাই আবিষ্ট করে যে, খানসেনাদের চাবুকের আঘাত তার কাছে কোনো গুরুত্বই বহন করে না। শ্যালক মুক্তিযোদ্ধা মিন্টর রেইনকোটটাই তাঁকে সাহস, উষ্ণতা, ও দেশপ্রেমে উজ্জীবিত করে। এসব দিক বিবেচনায় গল্পের নাম 'রেইনকোট' যথার্থ, সুন্দর ও সার্থক হয়েছে।

গুরুত্বপূর্ণ চরিত্র: নুরুল হুদা, ইসহাক, ডক্টর আফাজ আহমেদ, মিন্টু, আসমা, আব্দুস সাত্তার মুধা।

রূপশ্রেণি: 'রেইনকোট' একটি ছোট গল্প।